
# ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)

## সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
## সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়




বৃহত্তর ঢাকার ২০ বছর মেয়াদী (২০১৫-২০৩৫) কৌশলগত পরিবহন পরিকল্পনার সমন্বিত ম্যাপ


নগর ভবন, ১৪-১৫ তলা (পূর্ব ব্লক), ৫ ফনিক্স রোড, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০
ফোন : ৯৫৬২৬৮৬, ফ্যাক্স : ৯৫৬৮৮৯২, ওয়েব : www.dtca.gov.bd


১৯ অক্টোবর ২০১৬

# ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)

## ভূমিকাঃ

ঢাকা মহানগরী ও পার্শ্ববর্তী জেলাসমূহের গণপরিবহন ব্যবস্থাকে সমন্বিত করার লক্ষ্যে ১৯৯৮ সালে ''গ্রেটার ঢাকা ট্রান্সপোর্ট প্লানিং কো-অর্ডিনেশন বোর্ড'' প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে এই প্রতিষ্ঠান ২০০১ সালে ঢাকা যানবাহন সমন্বয় বোর্ড এবং সর্বশেষ ২০১২ সালে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ নামে পুনর্গঠিত হয়। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, গাজিপুর সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এবং ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, গাজিপুর ও নরসিংদী জেলা এর আওতাধীন। বর্তমানে ডিটিসিএ'র আওতাভূক্ত এলাকার আয়তন ৭,৪০০ বর্গকিলোমিটার। ডিটিসিএ'র কার্যত এর আওতাভূক্ত এলাকার পরিবহন সংশ্লিষ্ট সকল উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, অনুমোদন, সমন্বয় ও পরিবীক্ষণ করে।

## রূপকল্পঃ

বৃহত্তর ঢাকার জন্য পরিকল্পিত এবং আধুনিক পরিবহন ব্যবস্থা গড়ে তোলা।

## অভিলক্ষ্যঃ

পরিবহন ব্যবস্থার সুষ্ঠু সমন্বয়, পরিকল্পনা এবং দ্রুতগামী গণপরিবহন ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে জনসাধারনের জন্য নিরাপদ, নির্ভরযোগ্য এবং সহজলভ্য পরিবহন সেবা প্রদান।

## কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১। পরিবহণ ব্যবস্থায় আন্তঃকর্তৃপক্ষ সমন্বয় ও সহযোগিতা জোরদারকরণ;
২। সমন্বিত পরিবহণ পরিকল্পনা নিশ্চিতকরণ;
৩। দ্রুতগামী গণপরিবহন ব্যবস্থা প্রবর্তন;
৪। ট্রাফিক ব্যবস্থাপনার উন্নয়ন;
৫। সড়ক নিরাপত্তা এবং সুষ্ঠু সড়ক ব্যবস্থাপনা জোরদারকরণ;
৬। গণপরিবহনের যাতায়াত স্বাচ্ছন্দ্য ও নিরবছিন্নকরণ।

## পরিবহন ব্যবস্থার সমন্বয়ঃ


ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ এর আওতাধীন এলাকায় পরিবহন ব্যবস্থা সুষ্ঠু সমন্বয় ও বহুমাধ্যম ভিত্তিক পরিবহন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রীর নেতৃত্বে ডিটিসিএ এর ৩১ সদস্যবিশিষ্ট একটি পরিচালনা পরিষদ রয়েছে। ২০১৫-২০১৬ অর্থ বছরে পরিচালনা পরিষদের ২টি সভা অনুষ্ঠিত হয়েছে। এ কর্তৃপক্ষ নিয়মিত ঢাকা ও এর পার্শ্ববর্তী এলাকার বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থা কর্তৃক গৃহীত পরিবহন সংশ্লিষ্ট উন্নয়ন প্রকল্প সমূহের সমন্বয় করে থাকে।




২৮ মার্চ ২০১৬ অনুষ্ঠিত ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ এর পরিচালনা পরিষদের ৮ম সভা

## Strategic Transport Plan (STP):

ডিটিসিএ এর অধিক্ষেত্র বৃদ্ধি, দ্রুত নগরায়ন, শিল্পায়ন, নাগরিক জীবনযাত্রার মান উন্নয়ন ইত্যাদি কারণে ২০০৫ সালে প্রণীত Strategic Transport Plan (STP) Revision এর প্রয়োজনীয়তা দেখা দেয়। এ প্রেক্ষাপটে একটি কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় Strategic Transport Plan (STP) এর Revision সম্পন্ন হয়েছে এবং Revised Strategic Transport Plan (RSTP) গত ২৮ আগষ্ট ২০১৬ মন্ত্রিসভায় অনুমোদিত হয়।





কৌশলগত পরিবহন পরিকল্পনার সমন্বিত র‍্যাপিড ট্রানজিট ম্যাপ

## Clearing House:

e-Clearing House এর মাধ্যমে বিভিন্ন পরিবহন মাধ্যম যেমন-মেট্রোরেল, বাস র‍্যাপিড ট্রানজিট, বাংলাদেশ রেলওয়ে, বিআরটিসি'র বাস, বিআইডব্লিউটিসি'র নৌ-যান ও চুক্তিবদ্ধ বেসরকারি বাসে স্বাচ্ছন্দ্যে ও নিরবচ্ছিন্নভাবে যাতায়াতের লক্ষ্যে SMART Card (Rapid Pass) প্রবর্তনের জন্য মে ২০১৪ হতে কার্যক্রম শুরু হয়েছে। ক্লিয়ারিং হাউজের জন্য Bank নির্বাচন চূড়ান্তকরণের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। ইতোমধ্যে ৫,০০০ কার্ড সংগ্রহ করা হয়েছে এবং আরো ৬০,০০০ কার্ড সংগ্রহ প্রক্রিয়াধীন আছে।




Rapid Pass Card

**ডিটিসিএ অফিস ভবনঃ**

সড়ক ও জনপথ অধিদপ্তর এর মালিকানাধীন ভুমি হতে তেজগাঁও এ ০২ (দুই) বিঘা ভুমি ডিটিসিএ'র অফিস ভবন নির্মাণের জন্য বরাদ্দ পাওয়া গিয়াছে। ডিটিসিএ'র ১৩ তলা অফিস ভবন নির্মাণের লক্ষ্যে ২৯ ডিসেম্বর ২০১৫ তারিখে সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক ডিটিসিএ হেডকোয়ার্টারস বিল্ডিং নির্মাণ কাজের দরপত্র আহবান করা হয়। দরপত্র মূল্যায়ন সমাপ্ত হয়েছে এবং Combined Evaluation Report বর্তমানে অনুমোদনের অপেক্ষায় রয়েছে।





প্রস্তাবিত ডিটিসিএ ভবন

## Dhaka Mass Rapid Transit Development (MRT Line-6) Project :

ঢাকা মহানগরী ও এর পার্শ্ববর্তী এলাকার ক্রমবর্ধমান পরিধি ও জনসংখ্যা বিবেচনায় একটি সমন্বিত ও আধুনিক পরিবহন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে প্রনীত Strategic Transport Plan এর সুপারিশের আলোকে উত্তরা ৩য় পর্ব হতে মতিঝিল পর্যন্ত ২০ কি.মি. দীর্ঘ মেট্রোরেল ব্যবস্থা নির্মাণের জন্য ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট (MRT Line-6) প্রকল্প গ্রহণ করা হয়েছে। এটি একটি Fast Track প্রকল্প। প্রকল্পের মেয়াদ জুলাই ২০১২ থেকে জুন ২০২৪। প্রকল্পটি সমাপ্তির পর শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL) মেট্রোরেল পরিচালনা, ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ করবে। প্রকল্পটি Early Commissioning এর জন্য ডিসেম্বর ২০১৯ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সে মোতাবেক ২০১৯ সনের মধ্যে উত্তরা ৩য় পর্ব হতে আগারগাঁও পর্যন্ত এবং ২০২০ সনের মধ্যে মতিঝিল পর্যন্ত মেট্রোরেল চালু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সম্পূর্ণ প্রকল্পটি ০৮ (আট) টি Package বাস্তবায়নের মাধ্যমে সম্পন্ন করা হবে। মেট্রোরেল এর ডিপো নির্মাণের জন্য রাজউক কর্তৃক ৫৮.৯ একর ভুমি DMTCLএর নিকট হস্তান্তর করা হয়েছে। ডিপো এলাকার ভুমি উন্নয়নের জন্য ২৭ মার্চ ২০১৬ তারিখে DMTCL ও জাপানী ঠিকাদারী প্রতিষ্ঠান Tokyu Construction Co., Ltd.এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে।




প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৬ জুন ২০১৬ নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন





DMTCL ও জাপানী ঠিকাদারী প্রতিষ্ঠান Tokyu Construction Co., Ltd. এর সাথে চুক্তি স্বাক্ষর

মাননীয় প্রধানমন্ত্রী ২৬ জুন ২০১৬ নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন। প্রকল্পটি বাস্তবায়িত হলে ৪ মিনিট পরপর মেট্রোরেল চলবে এবং উভয় দিকে ৬০,০০০ যাত্রী চলাচল করবে। ৬টি কারযুক্ত প্রতিটি বৈদ্যুতিক ট্রেন ৩৭ মিনিটে উত্তরা হতে মতিঝিল পর্যন্ত নিরবিচ্ছিন্নভাবে যাতায়াত করতে পারবে।

## Bus Rapid Transit (BRT) Line-3:

হযরত শাহজালাল (রঃ) আন্তর্জাতিক বিমানবন্দর হতে বুড়িগঙ্গা নদীর দক্ষিণে কেরানীগঞ্জের ঝিলমিল পর্যন্ত ২২ কিলো মিটার দীর্ঘ BRT Line-3 নির্মাণ প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ গণপরিবহনে উভয়দিকে প্রতিঘন্টায় ৩০,০০০ (ত্রিশহাজার) যাত্রী স্বাচ্ছন্দ্যে ও নিরবচ্ছিন্নভাবে যাতায়াত করতে পারবে। এ রুটে প্রস্তাবিত স্টেশনের সংখ্যা ১৬টি। BRT Line-3 এবং




BRT Line-3 ও এর এলাইনমেন্ট

সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন গাজিপুর হতে হযরত শাহজালাল (রঃ) আন্তর্জাতিক বিমানবন্দর পর্যন্ত BRT রুটের আন্তঃসংযোগের ব্যবস্থা রাখা হয়েছে। এতে নিরবচ্ছিন্নভাবে গাজিপুর হতে ঝিলমিল পর্যন্ত BRT System ব্যবহার করে যাতায়াত করা যাবে।

**অগ্রগতিঃ**

- Detail Engineering Design সমাপ্ত হয়েছে।
- BRT Line-3 প্রকল্প বাস্তবায়নে অর্থায়নের বিষয়টি বিবেচনায় নিয়ে প্রকল্পটিকে তিনটি Phase এ বাস্তবায়নের সিদ্ধান্ত নেয়া হয়েছে। প্রকল্পটি অর্থায়নের জন্য দাতাসংস্থার সাথে যোগাযোগ অব্যাহত আছে।

## Traffic Management:

ঢাকা মহানগরীর ৪টি ইন্টারসেকশনের যানজট নিরসনে Dhaka Integrated Traffic Management কারিগরি প্রকল্পের আওতায় গুলিস্তান, পল্টন, গুলশান-১ ও মহাখালী ইন্টারসেকশনে ITS ব্যবস্থা স্থাপনসহ উন্নয়নের লক্ষ্যে নকশা প্রণয়ন সম্পন্ন হয়েছে। বাস্তব কাজ সহসাই শুরু হবে।

## MRT Line-1 and MRT Line-5:

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর হতে কুড়িল-গুলশান-বাড্ডা-রামপুরা-মৌচাক-রাজারবাগ হয়ে কমলাপুর এবং পূর্বাচল থেকে কুড়িল-এ রুটে Underground Metro Rail এর সুবিধা সম্বলিত MRT Line-1 এবং হেমায়েতপুর হতে-গাবতলী-টেকনিক্যাল-মিরপুর-১-মিরপুর-১০-কচুক্ষেত-বনানী হয়ে ভাটারা পর্যন্ত Underground Metro Rail এর সুবিধা সম্বলিত MRT Line-5 নির্মাণের লক্ষ্যে প্রাকসম্ভাব্যতা যাচাই সম্পন্ন হয়েছে এবং সম্ভাব্যতা যাচাইয়ের কাজ শুরু হয়েছে। সম্ভাব্যতা যাচাইয়ের জন্য JICA এর সাথে ১০ মার্চ ২০১৬ তারিখে Minutes of Discussion (MOD) স্বাক্ষরিত হয়েছে।

## ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর সক্ষমতা বৃদ্ধিঃ

ডিটিসিএ'র সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দাতাসংস্থা AFD এর সহায়তায় একটি কারিগরি প্রকল্প অনুমোদিত হয়েছে। প্রকল্পের আওতায় পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্রয় প্রস্তাব অনুমোদন প্রক্রিয়াধীন আছে। বর্ণিত প্রকল্পের মাধ্যমে পরিবহন খাতে ডিটিসিএ এর দক্ষতা বৃদ্ধির প্রস্তাবনা আছে। এই প্রকল্পের প্রধান প্রধান খাতগুলো নিম্নরূপঃ

i) DTCA General Capacity Building.
ii) Traffic and Parking Management Capacity Building.
iii) Public Space Central areas development capacity Building.
iv) Dhaka bus networks restructuring capacity building.

**বর্ণিত প্রকল্পটি বাস্তবায়িত হলেঃ-**

- ডিটিসিএ তে দক্ষ জনবল তৈরি হবে।
- ট্রাফিক ডাটাবেজ তৈরি হবে।
- পার্কিং ম্যানেজমেন্ট সহজীকরণের সুপারিশমালা পাওয়া যাবে।
- রোড ইন্টারসেকশন উন্নত করণের সুপারিশমালা পাওয়া যাবে।
- DTCA Act ২০১২ অনুযায়ী ডিটিসিএ এর জনবলের Service Rule প্রণয়ন করা যাবে।